




পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়
নিয়োগ বিজ্ঞপ্তি

বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/-বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট-এর ১(এক)টি শূন্য কম্পিউটার প্রোগ্রামার-কাম-সিস্টেম এনালিস্ট পদ পূরণের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীকে পরিসংখ্যান/গণিত বিষয়ে সন্মানসহ এম.এস-সি ডিগ্রিধারী হইতে হইবে। কম্পিউটার সফটওয়্যার এবং সার্ভে ডাটা ম্যানেজমেন্ট ও এনালাইসিসে দক্ষ হইতে হইবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩৫ বৎসর হইতে হইবে। শিক্ষা জীবনের কোনো পর্যায়ে তৃতীয় শ্রেণি/বিভাগ/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল সার্টিফিকেট, মার্কসিট ও প্রশংসাপত্র এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত কপিসহ ৮(আট) প্রস্থ দরখাস্ত আগামী ৩১-১০-২০১৭ তারিখের মধ্যে পরিচালক, পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিকট পৌঁছাইতে হইবে। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করিতে হইবে।


৮/১০/১৭